যুগান্তর

তারিখ: 06 OCT 2015
পৃষ্ঠা: ৩ কলাম: ৮

# প্রধানমন্ত্রী শিক্ষকদের নিয়ে মশকারা করেছেন

—— এমাজউদ্দীন আহমদ

যুগান্তর রিপোর্ট

শিক্ষকদের নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যের সমালোচনা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক এমাজউদ্দীন আহমদ বলেছেন, 'প্রধানমন্ত্রী মূলত শিক্ষক সমাজকে নিয়ে হাসি, ঠাট্টা, মশকারা করেছেন। জাতির কারিগর শিক্ষকদের নিয়ে তিনি যে বক্তব্য দিয়েছেন তা শুনে একজন শিক্ষক হিসেবে আমিও লজ্জিত।'

সোমবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট আয়োজিত 'সমাজ বদলে শিক্ষক শীর্ষক' আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে এ সভার আয়োজন করা হয়।

রোববার এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী বলেন, 'শিক্ষকদের এত দেয়ার পরও এত কথা, তাহলে আরও কম দিলে ভালো হতো।'

এমাজউদ্দীন বলেন, প্রধানমন্ত্রী এসব কথা কোথা থেকে শিখেছেন। এতে আমরা লজ্জাবোধ করি। এ কথাগুলো ভুল। তার বাবা শেখ মুজিবুর রহমানও কোনোদিন শিক্ষকদের নিয়ে এমন কথা বলেননি। আলোচনা সভায় শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূঁইয়ার মুক্তি দাবি করেন বক্তারা। আয়োজক সংগঠনের ভারপ্রাপ্ত মহাসচিব মো. জাকির হোসেনের সভাপতিত্বে এতে আরও বক্তৃতা করেন লেবার পার্টির চেয়ারম্যান ডা. মোস্তাফিজুর রহমান ইরান, শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রেসিডিয়াম সদস্য আলমগীর হোসেন প্রমুখ।